

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৪৯১(আগরতলা, ৭।৩)  
কৈলাসহর, ৭ মার্চ, ২০১৯

### উনকোটি জেলায় পালস পোলিও টিকাকরণ কর্মসূচি

আগামী ১০ মার্চ উনকোটি জেলায় জাতীয় টিকাকরণ দিবস তথা পালস পোলিও টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। টিকাকরণ কর্মসূচির অঙ্গ হিসাবে ঐদিন জেলার ৩৩১টি বুথে ০-৫ বছরের শিশুদের পালস পোলিও টিকাকরণ করা হবে। ঐ দিন যাদের টিকাকরণ করা সম্ভব হবেনা ১১ ও ১২ মার্চ বাড়ি বাড়ি গিয়ে তাদের টিকাকরণ করা হবে। জেলার ০-৫ বছরের ২৬০২০ জন শিশুকে টিকাকরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। উনকোটি জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির চেয়ারম্যান তথা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. শরবিন্দু রিয়াং এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*